# Times Today BD

বিনোদন ডেস্ক | বিনোদন | 18 June, 2025

ঢাকাই সিনেমার আলোচিত নায়িকা নুসরাত ফারিয়া।গত মাসের (১৮ মে) বৈষম্যবিরোধী আন্দোলনে হত্যাচেষ্টার অভিযোগে ভাটারা থানায় মামলায় আটক করা হয়েছিল।যা নিয়ে বেশ আলোচনা-সমালোচনা হয়েছিল।

এরপর (২০ মে) ঢাকার চিফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট আদালতের বিচারক মোস্তাফিজুর রহমান আসামি পক্ষের আবেদনের পরিপ্রেক্ষিতে তার জামিন মঞ্জুর করেন।পরে কাশিমপুর কারাগার থেকে মুক্তি পেয়েছেন।

এদিকে কারামুক্ত হওয়ার একমাস পর সামাজিক যোগাযোগ মাধ্যমে এক পোস্ট দিয়ে ফারিয়া লিখেছেন, '১ মাস পর....। শেয়ার করা ছবিগুলোতে বেশ খোশ মেজাজে ধরা দিয়েছেন।খোলা চুল চোখের চাহনি ও মিষ্টি হাসিতে যেন নেটিজেনদের মন মাতিয়ে তুলেছে।

কমেন্ট বক্সে একজন নেটিজেন লিখেছেন, 'তোমার অতীতের ঘটনাগুলো ভুলে যাও কিন্তু সেই ঘটনাগুলো থেকে পাওয়া শিক্ষা কখনো ভুলে যেও না। আরেকজনের কথায়, 'খুবই চমৎকার লাগছে, আপনার জন্য অফুরন্ত ভালোবাসা রইলো।

প্রসঙ্গত, হাঁটি হাঁটি পা করে একজন আরজে থেকে আজকের চিত্রনায়িকা নুসরাত ফারিয়া।এছাড়াও নামের আগে রয়েছে জনপ্রিয় উপস্থাপক তকমা।২০১৫ সালে যৌথ প্রযোজনার সিনেমা 'আশিকী' দিয়ে সিনেমায় অভিষেক তার।

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 08:59

URL: https://www.timestodaybd.com/entertainment/7758573472